দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 2016
পৃষ্ঠা 20 কলাম 2

# বিভিন্ন অপরাধে ঢাবি থেকে ১৬ শিক্ষার্থী আজীবন বহিষ্কার

## তালিকায় আছেন এক শিক্ষক ও সাতজন হিযবুত সদস্য

■ বিডিনিউজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অপরাধে ১৬ জন শিক্ষার্থীকে আজীবন বহিষ্কার করা হয়েছে। বহিষ্কারের তালিকায় এক শিক্ষকও আছেন। গতকাল রবিবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত হয় বলে প্রক্টর অধ্যাপক আমজাদ আলী জানিয়েছেন। তিনি বলেন, বহিষ্কার ১৬ জনের মধ্যে সাতজন নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরির সদস্য। ছয়জন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় জালিয়াতির জন্য গ্রেপ্তার হয়েছিলেন। এছাড়া টিএসসিতে রাতে এক ছাত্রীকে যৌন হয়রানির ঘটনায় একজন এবং সোহরাওয়ার্দী উদ্যানে বান্ধবীকে ধর্ষণের ভয় দেখিয়ে তার বন্ধুর কাছ থেকে এটিএম কার্ড পৃষ্ঠা ১৭ কলাম ৫

## বিভিন্ন অপরাধে ঢাবি

২০ পৃষ্ঠার পর

ছিনিয়ে নেয়ায় একজনকে বহিষ্কার করা হয়েছে। অন্যজনকে বহিষ্কার করা হয়েছে অমর একুশে হলে ভাংচুরের ঘটনায়। শিক্ষার্থীদের পাশাপাশি আধুনিক ভাষা ইনস্টিটিউটের এক শিক্ষককেও বহিষ্কার করা হয়েছে বলে উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক জানিয়েছেন। বহিষ্কৃত আশরাফ উজ জামান সহযোগী অধ্যাপক ছিলেন। বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পাশাপাশি জার্মান দূতাবাসে চাকরি করায় তাকে বহিষ্কার করা হয়েছে বলে উপাচার্য জানিয়েছেন।